

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা  
২৯৯, পশ্চিম জুরাইন, শ্যামপুর, ঢাকা।  
www.food.dhakadiv.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫০.০১১.২০.৬৫৩

তারিখ: ২২ চৈত্র ১৪২৮

০৫ এপ্রিল ২০২২

প্রাপক:

মেসার্স.....

ডিআরটিসি

বিষয়: নারায়ণগঞ্জ সাইলো হতে বৃহত্তর ফরিদপুর অঞ্চলে জারীকৃত উপ-সূচীর গম বর্ধিত সময়সীমার মধ্যে বিনাব্যর্থতায় পরিবহন সম্পন্ন করণ প্রসংগে।

সূত্র: ১। খাদ্য অধিদপ্তরের পরিচালক, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৫/০৩/২০২২ তারিখের ২৭৬নং স্মারক।

২। অত্র দপ্তরের ১৬/০৩/২০২২ তারিখের ৫৬৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ ১নং স্মারকের অনুমোদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের সূত্রস্থ ২ নং স্মারকে নারায়ণগঞ্জ সাইলো হতে বৃহত্তর ফরিদপুর অঞ্চলের বিভিন্ন জেলায় গমের চলাচল উপ-সূচী জারী করা হয়। যার মেয়াদ গত ৩১/০৩/২০২২ তারিখ পর্যন্ত ছিল। উল্লিখিত মেয়াদের মধ্যে অত্র দপ্তর হতে বারংবার টেলিফোনে তাগিদ দেয়া সত্ত্বেও শুধুমাত্র গোয়ালন্দ এলএসডিতে মেসার্স জননী এন্টারপ্রাইজ ৪৫ মে.টন গম পরিবাহিত করেছে, কিন্তু অন্য কোন ডিআরটিসি ঠিকাদার গম পরিবহন করেনি। এতে করে বৃহত্তর ফরিদপুর অঞ্চলে গমের মজুদ হ্রাস পাওয়ায় ইপি,ওপি, ময়দামিলসহ বিভিন্ন খাতে গম বিতরণ চরম সমস্যার সৃষ্টি হয়েছে। নির্ধারিত সময়সীমার মধ্যে সূচীকৃত খাদ্যশস্য পরিবহন না করা চুক্তির পরিপন্থী। উল্লেখ্য, উক্ত সূচীর মেয়াদ আগামী ১১/০৪/২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বৃহত্তর ফরিদপুর অঞ্চলের বিভিন্ন জেলায় ইপি,ওপি, ময়দামিলসহ বিভিন্ন খাতে গম বিতরণের জন্য সূচীর সমুদয় গম অতি দ্রুত প্রেরণের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ বারংবার অনুরোধ করছে।

এক্ষণে, নারায়ণগঞ্জ সাইলো হতে বৃহত্তর ফরিদপুর অঞ্চলের বিভিন্ন জেলায় অত্র দপ্তর হতে সূত্রস্থ ২নং স্মারকে জারীকৃত উপ-সূচীর গম বর্ধিত সময়সীমার মধ্যে বিনাব্যর্থতায় পরিবহন সম্পন্ন করার জন্য সকল ঢাকা বিভাগীয় সড়ক পরিবহন ঠিকাদার(ডিআরটিসি) কে নির্দেশ প্রদান করা হলো। সূচীর নির্ধারিত সময়সীমার মধ্যে যে সকল প্রতিষ্ঠান সূচীকৃত খাদ্যশস্য পরিবহনে ব্যর্থ হবেন, তাদের বিরুদ্ধে চুক্তিপত্রের শর্ত মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে। বিষয়টি অতীব জরুরী।

...



৫-৪-২০২২

তপন কুমার দাস  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫০.০১১.২০.৬৫৩/১(৫)

তারিখ: ২২ চৈত্র ১৪২৮

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী/শরীয়তপুর/মাদারীপুর

৩) সভাপতি/সাধারণ সম্পাদক/আহবায়ক, ঢাকা বিভাগীয় সড়ক পরিবহন ঠিকাদার(খাদ্য) সমিতি, সিক্কিরগঞ্জ, সাইলো গেইট, নারায়ণগঞ্জ। অত্র দপ্তরের জারীকৃত উপ-সূচীর বৃহত্তর ফরিদপুর অঞ্চলের গম বর্ধিত সময়সীমার মধ্যে পরিবহন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



৫-৪-২০২২

তপন কুমার দাস  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক